AME(ICT RTHD)
01/08/2018.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
রক্ষণাবেক্ষণ অধিশাখা।
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০১৫.১৪.০৪৮.১৬-৫১০

তারিখ: ১৬ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ।
৩১ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: **২০১৮-২০১৯ অর্থবছরে কুমিল্লা সড়ক জোনের পিএমপি (সড়ক-মেজর) কর্মসূচীর অগ্রাধিকার তালিকা অনুমোদন সংক্রান্ত।**

সূত্র: প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তরের পত্র নং-১০৬, তারিখ: ১৮.০৭.২০১৮ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন কুমিল্লা সড়ক জোনের ২০১৮-২০১৯ অর্থবছরের পিএমপি (সড়ক-মেজর) কর্মসূচীর অগ্রাধিকার তালিকায় নিম্নোক্ত মহাসড়কসমূহ নিম্নবর্ণিত শর্তে অন্তর্ভূক্তির অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলঃ

| ক্রম | সড়ক বিভাগের নাম | মহাসড়কের নাম | মহাসড়কের চেইনেজ | প্রস্তাবিত কাজের দৈর্ঘ্য (কিঃমিঃ) | কাজের ধরণ | সম্ভাব্য কাজের ব্যয় (লক্ষ টাকায়) |
|---|---|---|---|---|---|---|
| ০১ | নোয়াখালী | ফেনী নোয়াখালী জাতীয় মহাসড়ক (এন-১০৪) | i) L/s, চেই: ৩৫+৪২৬ হতে ৩৫+৯৬২ (বেগমগঞ্জ হাসপাতাল হতে সরকারী কারিগরি উচ্চ বিদ্যালয় পর্যন্ত, ৫০.০০ মিটার সেতু গ্যাপ)= ৪৮৬.০০ মিটার<br>ii) R/s, চেই: ৩৫+০০৯ হতে ৩৫+৭২২ (জহিরুল ইসলাম পেট্রল পাম্প হতে জে.কে.মডেল স্কুল পর্যন্ত, ৫০.০০ মিটার সেতু গ্যাপ) = ৬৬৩.০০ মিটার<br>iii) চেই: ৩৬+০৩৩ (চৌরাস্তা মোড়) = ৭১১.০০ মিটার | ১.৮৬০ | RCC Rigid Pavement | ১০৪২.০০ |
| ০২ | ব্রাহ্মণবাড়ীয়া | ঢাকা (কাঁচপুর) –ভৈরব -জগদীশপুর-শায়েস্তাগঞ্জ - সিলেট- তামাবিল-জাফলং জাতীয় মহাসড়ক (এন-০২) | চেঃ ৮৫+৮২৩ মিঃ হতে চেঃ ৮৯+০৫০ মিঃ সরাইল (বিশ্বরোড মোড়) হতে ইসলামাবাদ | ৩.২২৭ | বেইজ টাইপ-১ দ্বারা মজবুতীকরনসহ ৬০ মিলি ওভারলে | ৪৮৯.০০ |
| ০৩ | কুমিল্লা | ঢাকা-চট্টগ্রাম পুরাতন জাতীয় মহাসড়ক (এন-১২০) | চে: ৭+১০০ হতে ৯+০০০ (চকবাজার হতে বালুতুপা) এবং চে: ১৩+৫৫০ হতে ১৮+৬৫০ (চৌয়ারা বাজার হতে সুয়াগঞ্জ) | ৭.০০ | Reconstruction, Strengthening DBS Base & Wearing Course | ৮২৬.০০ |
| ০৪ | ফেনী | পাঁচগাছিয়া-দেওয়ানগঞ্জ লিংক সড়ক (এন-১১২) | চেই: ০+০০০ মিঃ হতে ২+৯০০ মিঃ পাঁচগাছিয়া হতে দেওয়ানগঞ্জ | ২.৯০ | DBS Wearing Course | ৫১২.০০ |
| ০৫ | কুমিল্লা | কুমিল্লা-চাঁদপুর আঞ্চলিক মহাসড়ক (আর-১৪০) | ০+০০০ হতে ১+২০৩ (কান্দিরপাড় হতে টমছমব্রীজ) | ১.২০৩ | Strengthening, DBS Base & DBS Wearing Course | ২৮৫.০০ |
| ০৬ | ব্রাহ্মণবাড়ীয়া | সরাইল-নাসিরনগর-লাখাই আঞ্চলিক মহাসড়ক (আর-২২০) | চে: ১৫+১০০মি.- চে: ১৯+৮৫০মি. (দাঁতমন্ডল হতে আশুরাইল) | ৪.৭৫০ | বেইজ টাইপ-১ দ্বারা মজবুতীকরনসহ ৫০ মিলি ওভারলে | ১২২৭.০০ |
| ০৭ | লক্ষ্মীপুর | হাজীগঞ্জ-রামগঞ্জ-লক্ষ্মীপুর জেলা মহাসড়ক (জেড-১৪২২) | চেইঃ ১০+০০০ হতে ১৯+০০০ পর্যন্ত বিভিন্ন কিমি ফকিরবাজার হতে রামগঞ্জ পৌরসভা | ৯.০০ | মজবুতীকরণসহ DBS Wearing Course (Overlay) ও রক্ষাপ্রদ কাজ | ৬১৪.০০ |
| ০৮ | কুমিল্লা | বাবুরহাট-মতলব-পেন্নাই জেলা মহাসড়ক (জেড-১৪০২) | চেইনেজ: ০+০০০ হতে ৩+০০০ (পেন্নাই হতে নোয়াগাঁও) | ৩.০০ | Strengthening & DBS Wearing Course | ৫২৫.০০ |
| ০৯ | চাঁদপুর | মতলব-মেঘনা-ধনাগোদা- বেড়ীবাঁধ জেলা মহাসড়ক (জেড-১০৬৯) | ০১+০০০ হতে ০৭+০০০ মতলব ফেরীঘাট হতে মতলব ব্রীজ সংযোগ সড়ক পর্যন্ত | ৬.০০ | মজবুতীকরণসহ ডিবিএস ওয়্যারিং কোর্স ও রক্ষাপ্রদ কাজ | ৫১৮.০০ |
| ১০ | নোয়াখালী | লক্ষ্মীপুর-দত্তপাড়া-চাটখিল জেলা মহাসড়ক (জেড-১৫১০) | চেই: ১৬+৫০০ হতে ২২+০০০ (খেজুরতলা হতে খিলপাড়া বাজার) চেই: ২৭+৪২০ হতে ২৭+৯২০ (চাটখিল বাজার) | ৬.০০ | ৫.৫০ কিমি 40mm DBS wearing Course (Overlay), ০.৫০ কিমি RCC Rigid Pavement | ৬০৬.০০ |
| ১১ | কুমিল্লা | রাজাচাপিতলা-রামচন্দ্রপুর-পাঁচকিত্তা জেলা মহাসড়ক ( জেড-১২২০) | চে: ৭+৫০০ হতে ১০+৫০০ (ব্রাহ্মণচাপিতলা হতে রামচন্দ্রপুর) | ৩.০০ | Strengthening & DBS Wearing Course | ২৬০.০০ |
| ১২ | কুমিল্লা | কুমিল্লা-পালপাড়া-বুড়িচং-বি.পাড়া-মিরপুর জেলা মহাসড়ক (জেড-১০৪১) | ১২+২০০ হতে ১৫+২০০ (বুড়িচং বাজার হতে বাগানবাড়ী) | ৩.০০ | Strengthening & DBS Wearing Course | ২৫৬.০০ |
| ১৩ | চাঁদপুর | চান্দ্রা-হাইমচর জেলা মহাসড়ক (জেড-৮৬৯৯) | ০০+০০০ হতে ৪+৫৫০ (চান্দ্রা বাজার হতে কাঁটাখালী) | ৪.৫৫০ | ডিবিএস ওয়ারিং কোর্স, মজবুতীকরণ, ড্রেইন নির্মাণ ও রক্ষাপ্রদ কাজ | ২৫০.০০ |
| ১৪ | চাঁদপুর | দাউদকান্দি-গোয়ালমারী-শ্রীরায়ের চর-ছেঙ্গারচর জেলা মহাসড়ক (জেড-১০৬২) | ১০+৫০০ থেকে ১৪+১৬৫ = ৩৬৬৫.০০ মিঃ ১৭+১৬৫ থেকে ২০+০০০ = ২৮৩৫.০০ | ৬.৫০০ | ডিবিএস ওয়ারিং কোর্স, মজবুতীকরণ ও রক্ষাপ্রদ কাজ | ৫১৫.০০ |
| **মোট** | | | | **৬১.৯৯০** | | **৭৯২৫.০০** |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য-

পূর্ব পৃষ্ঠা হতে-

শর্তঃ

১। ২০১৮-২০১৯ অর্থবছরে পিএমপি (সড়ক-মেজর) এর আওতায় গৃহীত কর্মসূচী বাস্তবায়নের জন্য ইজিপি পদ্ধতিতে দরপত্র আহবান করতে হবে;

২। ২০১৮ সালের সওজ এর রেইট অব সিডিউল অনুযায়ী দরপত্র আহবান করতে হবে;

৩। দরপত্রে অংশগ্রহণকারী সকল প্রতিষ্ঠানের পূর্ণ নাম উল্লেখ করতে হবে এবং Joint Venture (JV) হিসেবে একাধিক ঠিকাদার কোন দরপত্রে অংশগ্রহণ করলে প্রত্যেক ঠিকাদারের আলাদা আলাদাভাবে পিএমপি (সড়ক) অথবা একই ধরনের কাজের অভিজ্ঞতা আবশ্যিকভাবে থাকতে হবে বিষয়গুলো দরপত্র দলিলের শর্তে অন্তর্ভূক্ত করতে হবে;

৪। DBS Wearing Course ও DBS Base Course এর ব্যবহৃত বিটুমিন ৬০/৭০ গ্রেড মানের হতে হবে;

৫। গত ৩(তিন) অর্থবছরের মধ্যে DBST এবং ন্যূনতম গত ৪(চার) অর্থবছরের DBS Wearing Course এর কাজ হয়েছে এরূপ কোন মহাসড়ক বা মহাসড়কাংশ ২০১৮-২০১৯ অর্থবছরের কর্মসূচীর আওতাভূক্ত হয়ে থাকলে তা যাচাই করে বাদ দিতে হবে;

৬। কাজের গুণগত মান বজায় রাখার লক্ষ্যে ১০ কোটি টাকার উর্ধ্ব মূল্যের প্যাকেজ করতে হবে এবং নির্মাণ কাজের জন্য ঠিকাদারকে অবশ্যই Batching Plant ব্যবহার করতে হবে। শুধুমাত্র বিশেষ পরিস্থিতিতে অত্র বিভাগের অনুমতি নিয়ে ১০(দশ) কোটি টাকার নিম্নের প্যাকেজ করা যাবে;

৭। ২০১৮-২০১৯ অর্থবছরের কর্মসূচীর আওতাভূক্ত যে সকল মহাসড়কের বিষয়ে HDM এর কোন সুপারিশ নেই সে সকল মহাসড়কের বিষয়ে সংশ্লিষ্ট মনিটরিং টিমের লিখিত সুপারিশ ব্যতীত দরপত্র আহবান করা যাবে না;

৮। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় কোন কাজ চলমান আছে এরূপ কোন মহাসড়ক বা মহাসড়কাংশ কর্মসূচীর আওতাভূক্ত হয়ে থাকলে তা যাচাই করে বাদ দিতে হবে;

৯। মহাসড়কের অবস্থা Fair to Good Condition এ আছে এমন কোন মহাসড়ক বা মহাসড়কাংশ কর্মসূচীর আওতাভূক্ত হয়ে থাকলে তাও যাচাই করে বাদ দিতে হবে;

১০। বর্ষা মৌসুমে বৃষ্টিতে কোন বিটুমিনাস কাজ করা যাবে না;

১১। ২০১৮-২০১৯ অর্থবছরের গৃহীত কর্মসূচী বাস্তবায়নের জন্য প্রতিটি প্যাকেজের নির্বাচিত ঠিকাদারকে কাজ সমাপ্তির নিমিত্ত কাজ শুরুর তারিখ হতে (Notice to commence) সবোর্চ্চ ৬(ছয়) মাস সময় দেয়া যাবে। তবে প্রদত্ত সময়ের মধ্যে বর্ষাকাল হিসেবে ১৫ জুন থেকে ১৫ সেপ্টেম্বর বা অংশ বিশেষ অন্তর্ভূক্ত থাকলে সে সময়কাল অতিরিক্ত হিসেবে কার্যাদেশে অন্তর্ভূক্ত করা যাবে।

১২। পিপিআর ২০০৮ এর বিধি ৬১(৪) অনুযায়ী দরপত্র প্রস্তাব দাখিলের জন্য নির্ধারিত নূন্যতম সময়সীমা ২৮ দিন দিয়ে দরপত্র আহবান করতে হবে। তবে অনিবার্য কোন কারণে দরপত্র দাখিলের সময়সীমা বৃদ্ধির প্রয়োজন হলে তা পিপিআর ২০০৮ এর বিধান মতে করতে হবে;

১৩। ঠিকাদার কর্তৃক উদ্ধৃত দর ৫% এর অধিক বেশী/কম হলে দরপত্র মূল্যায়নের সময় দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক পিপিআর ২০০৮ অনুসরণ বাধ্যতামূলকভাবে রেইট এনালাইসিস করতে হবে। দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক আইটেমভিত্তিক রেইট এনালাইসিস প্রতিবেদন প্রস্তাব অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট আলাদাভাবে দাখিল করতে হবে;

১৪। দরপত্র মূল্যায়নের ক্ষেত্রে পাবলিক প্রকিউরিমেন্ট আইন,২০১৬ (১ আগষ্ট, ২০১৬ তারিখ সংশোধিত) এর ৩১(৩) ও (৪) ধারার বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;

১৫। কাজ সম্পাদনের জন্য সুপারিশকৃত দরদাতার নিজস্ব Batching plant না থাকলে ভাড়ায় গ্রহণের জন্য চুক্তিবদ্ধ কোন প্রতিষ্ঠানের Batching plant বাস্তবে রয়েছে কিনা, অন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের সাথে চুক্তিবদ্ধ রয়েছে কিনা এবং সময়মত Batching plant সরবরাহ করতে সক্ষম কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলীকে সরেজমিন পরিদর্শন করে দরপত্র মূল্যায়ন প্রস্তাবের সাথে আলাদাভাবে একটি প্রতিবেদন দাখিল করতে হবে;

১৬। কোন ধরনের দ্বৈততা পাওয়া গেলে প্রদত্ত অনুমোদন বাতিল বলে গণ্য হবে;

১৭। কোন অবস্থাতেই কাজ অসম্পূর্ণ রাখা যাবে না। কোন ঠিকাদারের এ বিষয়ে অনিহা বা গাফিলতি বা বিলম্ব পাওয়া গেলে জরিমানা আরোপ করে সংশ্লিষ্ট জোনে সে ঠিকাদারকে বাধ্যতামূলকভাবে নূন্যতম ৩ বছরের জন্য Debar করতে হবে;

১৮। ২০১৮-২০১৯ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচীর ক্ষেত্রে Defect Liability Period ৩(তিন) বছর হবে;

১৯। ২০১৮-২০১৯ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচীর ক্ষেত্রে মহাসড়কের সাব-বেইজ বা বেইজ দূর্বল/ক্ষতিগ্রস্থ থাকলে উক্ত সাব-বেইজ বা বেইজ এর মেরামত বা প্রতিকার না করে মহাসড়কে বাইন্ডার কোর্স (DBS)/ওভারলে এর কাজ করা যাবে না;

২০। ২০১৮-২০১৯ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচীর ক্ষেত্রে মহাসড়কে পানি জমে মহাসড়ক ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভাবনা থাকলে সেক্ষেত্রে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ না করে মহাসড়কে বাইন্ডার কোর্স (DBS)/ওভারলে এর কাজ করা যাবে না;

২১। সড়কের পার্শ্বে ড্রেইন এমনভাবে নির্মাণ করতে হবে যাতে ড্রেইন দিয়ে পানি মহাসড়কের উপর থেকে সরে যায় এবং কোন ক্রমেই মহাসড়কের উপর পানি জমে না থাকে। এর ব্যত্যয় হলে তাঁর দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপর বর্তাবে; এ

২২। রিজিড পেভমেন্টের ক্ষেত্রে কংক্রিটের Strength জাতীয় ও আঞ্চলিক মহাসড়কে ন্যূনতম Class-35 এবং জেলা মহাসড়কের ন্যূনতম Class-30 মানের হতে হবে;

২৩। রিজিড পেভমেন্ট এবং HBB নির্মাণের ক্ষেত্রে সড়ক ও জনপথ অধিদপ্তরের ডিজাইন ইউনিট হতে ডিজাইন সংগ্রহপূর্বক কর্মসূচী বাস্তাবায়ন করতে হবে;

২৪। অন্যান্য প্রয়োজনীয় ক্ষেত্রেও সড়ক ও জনপথ অধিদপ্তরের ডিজাইন ইউনিট হতে ডিজাইন অনুমোদন করিয়ে নিয়ে কর্মসূচী বাস্তবায়ন করতে হবে; এবং

২৫। আগষ্ট/২০১৮ এর মধ্যে দরপত্র প্রক্রিয়াকরণ আবশ্যিকভাবে সম্পন্ন করতে হবে।

(মোঃ মতিউল ইসলাম চৌধুরী)
উপ সচিব
ফোন: ৯৫১৪০৭৫।
dsmaintenace@rthd.gov.bd

প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।

৩। জনাব মোঃ এহছানে এলাহী, যুগ্মসচিব (বিআরটিসি) , মনিটরিং টিম প্রধান, টিম নং-৪, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

৪। জনাব চন্দন কুমার দে, যুগ্মসচিব (অর্থনৈতিক ও আন্তর্জাতিক সংযোগ শাখা), মনিটরিং টিম প্রধান, টিম নং-৫, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

৫। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, কুমিল্লা সড়ক জোন, কুমিল্লা।

৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

৭। সিনিয়র সিস্টেম এনালিষ্ট (আইসিটি ইউনিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

৮। অফিস কপি/ মাস্টার কপি।